

জুম বা অনলাইন মিটিংয়ের সাধারণ শিষ্টাচার

১. মিটিং শুরুর কমপক্ষে ১০ মিনিট পূর্বে যোগদান করুন। এতে আপনি মিটিং প্রারম্ভিক যান্ত্রিক গোলযোগসমূহ মিটিং শুরুর পূর্বেই সমাধান করে নিতে পারবেন।
২. নিজে কথা বলা ছাড়া মাইক্রোফোন সবসময় বন্ধ রাখুন। এতে মিটিংয়ে অনাকাঙ্ক্ষিত শব্দ হবে না। যখন নিজে কথা বলবেন তখন মাইক্রোফোন চালু করে কথা বলুন এবং খেয়াল রাখুন যাতে আপনার আশেপাশে অবাস্তিত শব্দ যথাসম্ভব কম উৎপাদন হয়। অবাস্তিত শব্দ সকলের মনযোগে বিঘ্ন ঘটায়। চেষ্টা করুন নিরব স্থানে থেকে মিটিংয়ে যোগ দিতে।
৩. যদি আপনার ভিডিও চালু থাকে তবে ক্যামেরার পজিশন যথা সম্ভব আপনার চোখ সোজা (আই লেভেল) এবং স্থির রাখুন। আপনার মুখে পর্যাপ্ত আলো নিশ্চিত করুন।
৪. মিটিং চলাকালীন অন্যান্য কাজ (মেইল চেক করা, সোশ্যাল মিডিয়া ব্রাউজ করা ইত্যাদি) থেকে বিরত থাকুন। অন্যথায় আপনি মিটিংয়ের আলোচনায় সম্পূর্ণ মনোযোগ দিতে পারবেন না।
৫. স্মার্টফোনের মাধ্যমে মিটিংয়ে যুক্ত হলে স্মার্টফোনটি সুবিধাজনক স্থানে স্থির ভাবে রাখুন। পথমধ্যে মিটিংয়ে যুক্ত হতে হলে ভিডিও বন্ধ রাখুন।
৬. চ্যাট অপশনে নিজের প্রশ্ন বা মন্তব্য লিখুন, অন্যের প্রশ্ন বা মন্তব্যের জন্য এখানে চোখ রাখুন। এতে আপনি প্রশ্ন করার আগে বুঝতে পারবেন একই প্রশ্ন অন্য কেউ করেছে কিনা। আপনার উপস্থাপনা বা বক্তব্য সংক্রান্ত বিভিন্ন প্রশ্ন ও মতামত আপনি চ্যাট অপশনে পেতে পারেন। ছোটখাটো প্রশ্নের জন্যেও চ্যাট অপশন ব্যবহার করুন।
৭. মডারেটরের অনুমতি ব্যতিরেকে মাইক্রোফোন চালু করে কথা বলা দৃষ্টিকটু। তাই আপনি কিছু বলতে চাইলে মডারেটরে দৃষ্টি আকর্ষণ করতে **Raise hand** অপশনটি ব্যবহার করুন। **Participant list** এর নিচের দিকে আপনি **Raise hand** অপশনটি পাবেন। আপনার কাজ হয়ে গেলে আপনি **Lower Hand** এ ক্লিক করে হাত নামিয়ে রাখুন।
৮. অনলাইন মিটিং সংক্ষিপ্ত হওয়া বাঞ্ছনীয়। তাই আপনার প্রশ্ন বা মন্তব্য সংক্ষিপ্ত ও সুনির্দিষ্ট করুন।
৯. প্রাসঙ্গিক আলোচনা করুন। যে বিষয়ে আলোচনা চলছে সে বিষয় ছাড়া অন্য আলোচনা থেকে বিরত থাকুন। যেকোন মিটিংএ ফান্ডের আবেদন জানানো দৃষ্টিকটু।
১০. যে প্রশ্ন একবার করা হয়ে গেছে সেটি আবার করবেন না। আপনার বক্তব্যের বেশি অংশ জুড়ে ধন্যবাদ জ্ঞাপন বা আপনার ভালো লেগেছে এই জাতীয় কথা বলে সময়ের অপচয় করা থেকে বিরত থাকুন।
১১. প্রসঙ্গ ছাড়া নিজের বা নিজের সংগঠনের কার্যাবলীর বিবরণ বা প্রশংসা করা থেকে বিরত থাকুন।

